



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০২.২০২১/২৬৫/৭

তারিখ: ১৫/০২/২০২১খ্রি.

বিষয়ঃ কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন কালীগঞ্জ মহাবিদ্যালয়ের একজন প্রভাষক ও একজন প্রদর্শকের এমপিওভুক্তির নির্দেশনা।

সূত্রঃ মাউশিরং/সেসিপ/২০২০/১৩৫, তারিখ: ০৫/০৭/২০২০খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর-এর পরিচালকের দপ্তর হতে কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলাধীন কালীগঞ্জ মহাবিদ্যালয়ের যুক্তিবিদ্যা বিষয়ের প্রভাষক এবং পদার্থ বিদ্যা বিষয়ের প্রদর্শক-এর দুটি আবেদন নির্দেশনা কামনা করে প্রেরণ করেছেন।

আবেদনে দেখা যায় যে, বর্ণিত প্রতিষ্ঠানে কর্মরত জনাব মোছাঃ মাহবুবা আখতার, প্রভাষক (যুক্তিবিদ্যা)-এর নিয়োগ ১৫/০১/২০০৫ তারিখে। তাঁর আবেদনে দেখা যায় মাস্টার্সে ৩য় বিভাগ। জনবল কাঠামো-১৯৯৫ অনুযায়ী তাঁর কাম্য শিক্ষাগত যোগ্যতা নাই। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৮বিবিধ(এমপিও)-১১/২০০৪/০৬, তারিখ: ০৮/০১/২০০৫ মোতাবেক পত্রের খ) অনুচ্ছেদ-এ উল্লেখ আছে মাস্টার্স ডিগ্রিতে ন্যূনপক্ষে ২য় শ্রেণি থাকতে হবে।

পদার্থবিদ্যা বিষয়ের প্রদর্শক জনাব মোঃ ফরিদুল ইসলাম ০৫/১২/২০১৬ তারিখে যোগদান করেন। তাঁর আবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর নিবন্ধন সনদটি সহকারী শিক্ষক-এর। সহকারী শিক্ষক-এর নিবন্ধন সনদ দিয়ে প্রদর্শক নিয়োগের সুযোগ নেই।

এমতাবস্থায়, জনাব মোছাঃ মাহবুবা আখতার, প্রভাষক (যুক্তিবিদ্যা) এবং জনাব মোঃ ফরিদুল ইসলাম, প্রদর্শক (পদার্থবিদ্যা)-এর উপরিউক্ত আপত্তি থাকায় এমপিওভুক্তির সুযোগ নাই। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।


(মোঃ আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,

রংপুর অঞ্চল, রংপুর।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সভাপতি, পরিচালনা পরিষদ, কালীগঞ্জ মহাবিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম;

২। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম;

৩। অধ্যক্ষ, কালীগঞ্জ মহাবিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম;

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম;

৫। জনাব মোছাঃ মাহবুবা আখতার, প্রভাষক (যুক্তিবিদ্যা), কালীগঞ্জ মহাবিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম;

৬। জনাব মোঃ ফরিদুল ইসলাম, প্রদর্শক (পদার্থবিদ্যা), কালীগঞ্জ মহাবিদ্যালয়, নাগেশ্বরী, কুড়িগ্রাম;

৭। সংরক্ষণ কপি।